

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট
কৃষি খামার সড়ক, ঢাকা-১২১৫।


নং-১২.০৩.০০০০.০০৩.৯৯.০১৪.১৬-৮১৯

তারিখঃ ৩০-০৯-২০২০ খ্রিঃ

শোক সংবাদ

এতদ্বারা মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট-এর কর্মকর্তা/কর্মচারীগণকে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, বগুড়া আঞ্চলিক কার্যালয়ের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা জনাব শাহ মোঃ গোলাম মওলা করোনা ভাইরাস (কোভিড-১৯) রোগে আক্রান্ত হয়ে অদ্য ৩০/০৯/২০২০ খ্রিস্টাব্দ তারিখ সকাল ৭.৩০ ঘটিকায় বগুড়াস্থ টিএমএসএস মেডিকেল কলেজ ও রফাতুল্লা কমিউনিটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তিনি ২২তম বিসিএস (কৃষি) ক্যাডারভুক্ত বৈজ্ঞানিক কর্মকর্তা পদে ১৩/১২/২০০৩খ্রিঃ তারিখে রংপুর জেলা কার্যালয়ে যোগদান করেন।

মরহমের মৃত্যুতে অত্র ইনস্টিটিউটের কর্মকর্তা ও কর্মচারিবৃন্দ গভীরভাবে শোক প্রকাশসহ তার রুহের মাগফিরাত কামনা এবং শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।


(মোঃ শাহজাহান আলী)
সহকারী পরিচালক (ভা.প্রা.)
ফোন-৯১১৪৩৬৭।

অনুলিপি :

- ১। ইনোভেশন অফিসার, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা (প্রতিষ্ঠানের ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)
- ২। মহাপরিচালক মহোদয়ের সংযুক্ত কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা।
- ৩। গ্রাফিক আর্টিস্ট, মানচিত্রাংকন শাখা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা।
- ৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা।
- ৫। অফিস কপি।
- ৬। নোটিশ বোর্ড।